



75406 - কোন শ্রমিকের ভিক্ষুক সদকা পাওয়ার অধিক উপযুক্ত

প্রশ্ন

যদি আমাদের কটে একাধিক এমন ভিক্ষুক পায় যারা শারীরিকভাবে অক্ষম তাহলে কাকে সদকা করাটা অধিক উপযুক্ত?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এক:

অভাবীদেরকে সাহায্য করা, গরীব-মসিকীনকে দান করা উত্তম নকে আমল ও ইবাদতের অন্তর্ভুক্ত। আল্লাহতাআলা বলেন: "যারা নিজদের ধন-সম্পদ রাত্রে ও দিনে, গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে তাদের প্রতিদিন তাদের রব-এর নিকট রয়েছে। আর তাদের কোন ভয় নাই এবং তারা চিন্তিতও হবে না।"[সূরা বাক্বারা, আয়াত: ২৭৪]

যখন গরীবদের অভাব বেড়ে যায় তখন সদকা করাটা মুস্তাহাব হওয়া আরও তাগদিপূর্ণ হয়। যহেতে অভাব দূর করা ও লজ্জাস্থানগুলো আবৃত রাখা সদকার বধিান জারী করার অন্যতম প্রধান উদ্দেশ্য।

উমর বনি খাত্তাব (রাঃ) থেকে বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি আলাইহি ওয়া সাল্লাম বলেন: "সর্বোত্তম আমল হচ্ছে— একজন মুমিনের মনে খুশি প্রবশে করানো: আপনিতার লজ্জাস্থান আবৃত করলেন, তার ক্ষুধা দূর করলেন কিংবা তার কোন প্রয়োজন পূরণ করলেন।"[আল-মুজাম আত্-তাবারানী (৫/২০২), আলবানী 'সহিহুত তারগীব' গ্রন্থে (২০৯০) হাদিসটিকে হাসান বলছেন]

শাইখ উছাইমীন (রহঃ) বলেন: "এ আট শ্রমিকের মাঝে কোন শ্রমিকের লোক যাকাত পাওয়ার অধিক উপযুক্ত"?

আমরা বলব: যে শ্রমিকের লোকদের প্রয়োজন তীব্র। কেননা এ শ্রমিকগুলোর প্রত্যেকে যাকাত খাওয়ার বশেষ্টধারী। এদের মধ্যে যে শ্রমিকের প্রয়োজন তীব্র সেই শ্রমিক যাকাত পাওয়ার অধিক উপযুক্ত। সাধারণতঃ গরীব ও মসিকীনদের প্রয়োজনই তীব্র হয়ে থাকে। তাই আল্লাহতাআলা প্রথমে তাদেরকে উল্লেখ করে বলেন: "সদকা তো শুধু ফকীর, মসিকীন ও সদকা আদায়ের কাজে নিযুক্ত কর্মচারীদের জন্য, যাদের অন্তর আকৃষ্ট করতে হয় তাদের জন্য, দাসমুক্তির জন্য, ঋণগ্রস্তদের জন্য, আল্লাহ্র পথে ও মুসাফরিদের জন্য। এটা আল্লাহ্র পক্ষ থেকে নির্ধারিত। আর আল্লাহ্র সর্বজ্ঞে, প্রজ্ঞেগময়।"[সমাপ্ত]



[মাজমুউ ফাতাওয়া বনি উছাইমীন (১৮/প্রশ্ন নং ২৫১)]

"আল-মাওসুআ আল-ফকিহিয়া" গ্রন্থে (২৩/৩০৩) এসছে: "যাকাত দাওয়ার ফযলিতরে দকি থকে যাকাত পাওয়ার হকদারদরে সকলে একই মর্যাদাভুক্ত নয়। বরং তাদের স্তরভেদে রয়েছে: মালকৌ মাযহাবরে আলমেগণ উল্লেখ করেছেন যে, যাকাত প্রদানকারীর জন্য মুস্তাহাব হচ্চে নরিপায় ব্যক্তিকে অন্য ব্যক্তিদরে উপর প্রাধান্য দাওয়া। যমেন অন্য শ্রণীর লোকদরে চয়ে তাকে বেশী দাওয়া।"[সমাপ্ত]

যদি ফকীর বা ভকিষুক কাজ করতে অক্ষম হয়, কোন রোগ বা মুসবিতরে শকার হয়ে সে পঙু হয়ে যায় তাহলে তাকে যাকাত দাওয়াটা তাগদিপূরণ।

আল্লাহুতাআলা বলনে: "(পূর্ববক্ত সদকা) ঐ সব ফকীর (দরদির) লোকদরে প্রাপ্য যারা আল্লাহর পথে এমনভাবে আবদ্ধ যে দেশেময় ঘুরাফরি করতে পারে না; তাদের আত্মসম্মানবোধে কারণে অজ্ঞে লোকরো তাদেরকে অভাবমুক্ত মনে করে। আপনি লক্ষণ দেখে তাদেরকে চনিতে পারবনে। তারা মানুষের কাছে পীড়াপীড়ি করে হাত পাতে না। আর যে ধন-সম্পদ তোমরা ব্যয় কর, নশ্চয় আল্লাহসে ব্যাপারে সম্যক অবগত।"[সূরা বাক্বারা, আয়াত: ২৭৩]

সান্দি বনি জুবাইর (রহঃ) বলনে: "তারা এমন শ্রণীর লোক যারা আল্লাহর রাস্তায় জহিদরত অবস্থায় আহত হয়ে আজীবনরে জন্য রোগা হয়ে পড়ছে। আল্লাহুতাআলা মুসলমানদরে সম্পদে তাদের অধিকার সাব্যস্ত করেছেন।"[আদ-দুররুল মানছুর (২/৮৯)]

এ আলোচনার উদ্দেশ্য: সদকা বণ্টনের ক্ষেত্রে অগ্রাধিকার দায়ের মাপকাঠি হচ্চে— প্রয়োজন ও অভাব। যদি আপনার কাছে প্রতীয়মান হয় যে, ভকিষুকদরে মধ্যে কটে একজন অন্যদরে চয়ে বেশী অভাবী তাহলে সেই ব্যক্তি সদকা পাওয়ার অধিক উপযুক্ত।

আপনি যে পরিমাণ অর্থ দান করতে চান সেটো যদি দুইজন ভকিষুকরে প্রয়োজন পূরণ করার মত হয় তাহলে আপনি দুইজনরে মাঝে ভাগ করে দনি। যদি কেবেল একজনরে প্রয়োজন পূরণ করার মত হয় তাহলে আপনি দুইজনরে যে কোন একজনকে দতিে কোন অসুবিধা নাই এবং চেষ্টা করুন যনে অন্যজন থেকে লুকিয়ে তাকে দতিে পারনে; যাতে করে তার মনে আফসোস বা হিঁসা না জাগে।

শাইখ বনি বায় (রহঃ) কে জিজ্ঞেসে করা হয়েছিলি: কটে যদি সামান্য পরিমাণ যাকাতরে মাল ২০০ রিয়ালরে মত বণ্টন করতে চায়; সে ক্ষেত্রে এটা কি একটা অভাবী পরিবারকে দাওয়া ভাল; নাকি একাধিক অভাবী পরিবারকে দাওয়া ভাল?

জবাবে তিনি বলনে: "যদি যাকাত সামান্য হয় তাহলে সেটো একটা অভাবী পরিবারকে দাওয়াই উপযুক্ত ও উত্তম। যহেতে অল্প মাল ভাগ করে দলিে এর উপকারিতা কমে যায়।"[সমাপ্ত]



[ফাতাওয়া বনি বায (১৪/৩১৬)]

আল্লাহই সর্বজ্ঞ।